

## মজিদপুর ঋষি পল্লীতে হামলাকারীদে শাস্তির দাবিতে স্মারকলিপি প্রদান ও ছইপ মহোদয়ের ঘটনা স্থল পরিদর্শন

অদ্য ২৭ নভেম্বর ২০১০ ইং তারিখে কেশবপুর অডিটরিয়ামে অনুষ্ঠিত নাগরিক সমাজের সঙ্গে কেশবপুর উপজেলা উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত কেশবপুর অভয়নগর এর জাতীয় সংসদ সদস্য এবং সংসদীয় কমিটির মাননীয় ছইপ অধ্যক্ষ শেখ আবদুল ওহাব এর নিকট মজিদপুরের হামলার প্রতিবাদে ও হামলাকারীদের শাস্তির দাবিতে ও ক্ষতিগ্রস্ত পরিবারের পুনর্বাসনের দাবিতে স্মারকলিপি পেশ করেন বাংলাদেশ দলিত পরিষদের কেন্দ্রীয় কমিটির সমন্বয়ক বিকাশ দাশ। এ সময় তিনি তাঁর বক্তব্যে বলেন, যদিও আমরা জাত আওয়ামীলীগ এবং নির্ধারিত ভোটের হিসাবে বাংলাদেশের উন্নয়ন সংগ্রামে আমরা সংগ্রাম করছি তথাপি আমাদের প্রতিনিধিত্ব না থাকলেও আমরা কেশবপুরের দলিত জনগোষ্ঠীর ৩৫ হাজার ভোটে পক্ষ থেকে ও সমগ্র দলিত জনগোষ্ঠীর পক্ষ থেকে এই নৃশংস ঘটনার দৃষ্টান্তমূলক শাস্তি চাই এবং ক্ষতিগ্রস্ত পরিবারের পুনর্বাসনের দাবি জানান।

উক্ত দাবির প্রতি ষাড়া দিয়ে মাননীয় ছইপ মহোদয়, উপজেলা চেয়ারম্যান আমীর হোসেন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রুহুল আমিন, উপজেলা পূজা পরিষদের নেতা বাবু তপন কুমার ঘোষ মন্টু, অসীত মোদক, থানা ইনচার্জ রেজাউল হোসেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহিদা সুলতানা ও সচেতন নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দ মজিদপুরের ঋষি পাড়ার ঘটনাস্থল পরিদর্শন করেন। এ সময় আবেলা রানী, সুকুমার দাস, গোপাল দাস ও দলিত পরিষদের নেতা উজ্জ্বল দাস, বিকাশ দাস সেই লোমহর্ষক কাহিনীর বর্ণনা দেন। অতঃপর ছইপ মহোদয় প্রশাসনিক কর্মকর্তাকে আসামীদের না পেলে তার পরিবারের সদস্যদের অবিলম্বে গ্রেফতার করার মর্মে তাৎক্ষণিক আদেশ প্রদান করেন এবং সহিংসতার শিকার ঋষিদের বিরুদ্ধে আসামী পক্ষের মামলা রেকর্ড না করার মর্মে ব্যবস্থা নেওয়ার আদেশ দেন। সঙ্গে সঙ্গে তিনি ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্য বিনোদ দাসকে পুড়ে যাওয়া গৃহ পুনঃনির্মাণের জন্য নগদ ৫০০০/= টাকা অনুদান প্রদান করেন এবং গুরুতর আহত বিজলী রানী দাসকে নগদ ১০০০/= টাকা প্রদান করেন। সর্বপরি তিনি এই সহিংসতামূলক ঘটনার ন্যায় বিচার প্রতিষ্ঠা হবে এই মর্মে উপস্থিত এলাকাবাসীকে আশ্বস্ত করেন।

বার্তা প্রেরক

উজ্জ্বল দাস

আহবায়ক

বাংলাদেশ দলিত পরিষদ

কেশবপুর শাখা